গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ

স্মারক নংঃ ৫১.০১.৮৮১১.০৯৬.০০.০০.০০৬.২২- ৮৬৮ তারিখঃ১৯/০৭/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রমে তালিকাভুক্ত ভোক্তাদের অবহিতকরণ এবং তাদের উপস্থিতি নিশ্চিতকরণ।**

**সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নংঃ ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.১৭০/১(১৯৩), তারিখঃ ১৬/০৬/২০২২ খ্রিঃ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ইউডিসিদের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র, আনুষঙ্গিক তথ্যাদি ও ছবি যাচাইপূর্বক ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম সারা দেশের ন্যায় একযোগে বেলকুচি উপজেলায় ইতিমধ্যে শুরু হয়েছে এবং এই কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের জন্য খাদ্য অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট ইউডিসিদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী সেপ্টেম্বর/২২ মাস থেকে শুরু হতে যাওয়া খাদ্যবান্ধব কর্মসূচির চাল প্রাপ্তির লক্ষ্যে প্রত্যেক ভোক্তাকে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ইউডিসির নিকট স্বশরীরে উপস্থিত হয়ে ডিজিটাল ডাটাবেজে অন্তর্ভুক্তির জন্য নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে 'ভোক্তা নিবন্ধন কপি' সংগ্রহ করতে হবে। উক্ত ডিজিটাল 'ভোক্তা নিবন্ধন কপি' ব্যতীত কোনো ভোক্তাই ডিলারের নিকট থেকে চাল সংগ্রহ করতে পারবেন না।

এমতাবস্থায়, আপনার ইউনিয়নের খাদ্যবান্ধব তালিকার অন্তর্ভুক্ত সকল উপকারভোগীকে ডিজিটাল নিবন্ধন কার্যক্রমের বিষয়টি অবহিতকরণসহ ওয়ার্ডভিত্তিক সময়সূচি নির্ধারণ করে সংশ্লিষ্ট ইউডিসির নিকট পর্যায়ক্রমে শতভাগ ভোক্তার উপস্থিতি নিশ্চিতকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, প্রত্যেক খাদ্যবান্ধব উপকারভোগীকে ইউডিসির মাধ্যমে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নিম্নলিখিত জিনিসপত্র সঙ্গে নিয়ে আসতে হবেঃ

১. ভোক্তার খাদ্যবান্ধব চালের কার্ড।
২. ভোক্তার নিজ জাতীয় পরিচয়পত্রের মূল/ফটোকপি।
৩. ভোক্তা বিবাহিত হলে স্বামী বা স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের মূল/ফটোকপি।
৪. সচল সিমযুক্ত মোবাইল ফোন।

স্বাক্ষরিত/-
(মোঃ আনিসুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ

চেয়ারম্যান (সকল)............... ইউ,পি
বেলকুচি, সিরাজগঞ্জ

স্মারক নং- ৫১.০১.৮৮১১.০৯৬.০০.০০.০০৬.২২- ৮৬৮ তারিখঃ ১৯/০৭/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-
১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ।
৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বেলকুচি, সিরাজগঞ্জ।
৫।উপজেলা ..................... কর্মকর্তা, বেলকুচি, সিরাজগঞ্জ।
৬। সচিব,............ ইউনিয়ন পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
৭। জনাব..........................., ইউডিসি,........... ইউনিয়ন ডিজিটাল সেন্টার, বেলকুচি, সিরাজগঞ্জ (চিঠির মর্মার্থ অনুযায়ী যথাযথভাবে ভোক্তাদের নিবন্ধন কার্যক্রম পরিচালনার নির্দেশ দেওয়া হলো)।
৮। অফিস কপি।

১৯/০৭/২২
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ